

দৈনিক ইত্তেফাক

বা ত্রা ষ ত

শিক্ষার গুণগত মান অর্জন বড় চ্যালেঞ্জ




নুরুল ইসলাম খান
শিক্ষামন্ত্রী

বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ফলে বর্তমানে দেশের অভ্যন্তরে উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টি হওয়ায় ছাত্রছাত্রীদের বিদেশ গিয়ে উচ্চশিক্ষা গ্রহণ করতে হচ্ছে না। এতে একদিকে যেমন দেশে উচ্চশিক্ষার সুযোগ প্রসারিত হচ্ছে, অন্যদিকে বৈদেশিক মুদ্রার সাশ্রয় হচ্ছে। আমাদের অব্যাহত প্রচেষ্টার ফলে চরম বিশৃঙ্খলা ও নাজুক পরিস্থিতি কাটিয়ে উঠে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ একটি সম্ভাবনাময় উচ্চশিক্ষার ক্ষেত্র হিসেবে গড়ে উঠছে। যদিও কিছু

প্রতিষ্ঠানের অনিয়ম, ব্যর্থতা, স্বার্থ ও মনোফালোভী মনোভাবসহ অনেক চ্যালেঞ্জ আমাদের সামনে রয়েছে। শিক্ষার গুণগত মান ও বিশ্বমান অর্জন এবং শিক্ষার সকল ক্ষেত্রে সফলতা অর্জন বড় চ্যালেঞ্জ হিসেবে আমাদের মোকাবিলা করতে হচ্ছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্যবসার জন্য নয়



অধ্যাপক আবদুল মান্নান
চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন

ভালো উদ্দেশ্য নিয়েই বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। সব বিশ্ববিদ্যালয়কে ঢালোভাবে খারাপ বলা যাবে না। বেশকিছু বিশ্ববিদ্যালয় ভালো চলছে। ভালো মানের শিক্ষাদান হচ্ছে। প্রতিটি বিশ্ববিদ্যালয় আইন মেনে চলতে বাধ্য। কোন প্রতিষ্ঠান যদি আইন না মানে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্যবসার জন্য প্রতিষ্ঠা করা যাবে না। তবে কিছু বিশ্ববিদ্যালয় এমন করছে। এদের বিরুদ্ধে ব্যবস্থাও নেয়া হয়েছে। কিছু বিশ্ববিদ্যালয় আদালতের

স্টে অর্ডার নিয়ে শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। যেহেতু বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্যবসা করা যাবে না, এ কারণে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যরা আর্থিক সুবিধা নিতে পারবেন না। শিক্ষার মানের দিকে বিশেষ নজর দেয়া হচ্ছে এজন্য এ্যাক্রিডিটেশন কাউন্সিল করা হবে।

মেধাবীদের নিয়োগ দিতে হবে



প্রফেসর ড. আবুল হোসেন সিকদার
সদস্য সচিব, বোর্ড অব ট্রাস্টি, প্রাইম ইউনিভার্সিটি

অনেক বিশ্ববিদ্যালয় অবশ্যই ভালো করছে, যা প্রশংসার দাবি রাখে। বিশ্ববিদ্যালয়ের মান নির্ভর করছে শিক্ষকদের ওপর। তাই শিক্ষক নিয়োগে সচ্ছতা রাখতে হবে। মেধাবীদের নিয়োগ দিতে হবে। তবে কিছু বিশ্ববিদ্যালয় আছে যাদের মান ভালো নয়। এ দিকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দৃষ্টি দেয়া উচিত। উদ্যোক্তা যারা সমাজ সেবার জন্য বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে, তাদের সরকারের পক্ষ থেকে সহযোগিতা করতে হবে। কিন্তু যারা ব্যবসার

জন্য বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে সে সব বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিতে হবে। আমার মনে হয়, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি তদন্তের মাধ্যমেই খুঁজে বের করতে পারবে; কারা শিক্ষার নামে ব্যবসা করছে। এ সব বিশ্ববিদ্যালয় ও ট্রাস্টি বোর্ডের সংশ্লিষ্ট সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া উচিত।

উচ্চ শিক্ষায় আগ্রহ বাড়ছে



অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মিন
উপাচার্য, আশা ইউনিভার্সিটি

ভালো মন্দ মিলিয়েই চলছে বেসরকারি বিশ্ববিদ্যালয়। কোনটা ভালো, আবার কোনটা তত ভালো নয়। এখন উচ্চ শিক্ষায় আগ্রহ বাড়ছে। এ কারণে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন আছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় কোন ব্যবসা প্রতিষ্ঠান নয়। শিক্ষা ব্যবসায়িক মনোভাব নিয়ে পরিচালনা করা উচিত নয়। যাদের অর্থ রয়েছে, তারা সমাজ উন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানে ব্যয় করছেন। এ ক্ষেত্রে তাদের ব্যবসায়িক মনোভাব পরিহার করা উচিত।

এছাড়া সরকারের পক্ষ থেকে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আরো সহযোগিতা করা উচিত। সরকারি বিশ্ববিদ্যালয়গুলো গবেষণায় অনুদান পায়, কিন্তু বেসরকারি বিশ্ববিদ্যালয় পায় না।